মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
Web: www.sylhetboard.gov.bd, E-mail: Chairmanbisesyl@gmail.com

**স্মারক নং:৩৭.১৪.৯১০০.৩০০.৫০.২৫.১৬২৫**

তারিখ ০২ অগ্রহায়ণ ১৪৩২
১৭ নভেম্বর ২০২৫

**বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডির সভাপতির দায়িত্ব পালন প্রসঙ্গে।**

সূত্রঃ ১। ৩৭.০০.০০০০,০০০,০৭২.৪৪.০০০২.২৫.৫৯ তারিখঃ ১৫/১১/২০২৫
২। বিবিধ/কলেজ/২০২০/৪০৯৩ তারিখ: ১৬/১১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং- ১৬৭৫৭/২০২৫ মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ০৮-০৯-২০২৫ তারিখে জারিকৃত 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত' পরিপত্রটি ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে।

০২। বিদ্যমান পরিস্থিতিতে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য শিক্ষা বোর্ড (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর অনুচ্ছেদ ৬৯ অনুযায়ী নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ ৬৯। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা-

(১) এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হইবার পর নির্ধারিত সময়ে, ক্ষেত্রমত, নূতন গভর্নিং বডি, ম্যানেজিং কমিটি বা এডহক কমিটি গঠিত না হইলে, পরবর্তী এডহক কমিটি গঠিত হইবার পূর্ব পর্যন্ত, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তাহার প্রতিনিধি সভাপতির বর্ণিত দায়িত্ব পালন করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সভাপতি ৬০ (ষাট) দিনের মধ্যে এডহক কমিটি গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৩) বেতন ভাতা উত্তোলনের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তার প্রতিনিধির স্বাক্ষরে বেতনের সরকারি অংশ (এমপিও) উত্তোলন করা যাইবে।

(৪) উপ-প্রবিধান (১) এর বিধান অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সভাপতি কোনক্রমেই অধ্যক্ষ, উপাধ্যাক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক বা কোনো কর্মচারী নিয়োগ করিতে পারিবেন না, তবে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক কোনো শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদান করা হইলে, তাহাদিগকে নিয়োগ দান করিতে পারিবেন।

উল্লেখ্য, নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন প্রবিধানমালা, ২০২৪ এর অনুচ্ছেদ-৬৩ অনুযায়ী (সংস্থা) পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবে না।

১৭/১১/২০২৫

(প্রফেসর মোঃ আনোয়ার হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

সদয় জ্ঞাতার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন জেলাসমূহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন উপজেলাসমূহ।
৩। জেলা শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন জেলাসমূহ।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন উপজেলাসমূহ।
৫। নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।
৬। সংরক্ষণ নথি।

CamScanner